

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬২১(আগরতলা, ১০।০১)
খোয়াই, ১০ জানুয়ারি, ২০১৯

খোয়াইয়ে শীতকালীন সজী চাষ

খোয়াই জেলা উদ্যান ও মৃত্তিকা সংরক্ষণ কার্যালয়ের উদ্যোগে চলতি অর্থবছরে খোয়াই জেলার বিভিন্ন কৃষি মহকুমা এলাকায় ৫৫ হেক্টর কৃষি জমি শীতকালীন সজী চাষের আওতায় আনা হয়েছে। মিশন ফর-ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অব হার্টিকালচার প্রকল্পের মাধ্যমে তুলাশিখর কৃষি মহকুমা এলাকায় ২০ হেক্টর জমি, পদাবিল কৃষি মহকুমা এলাকায় ১০ হেক্টর জমি ও খোয়াই কৃষি মহকুমা এলাকায় ২৫ হেক্টর জমি সজী চাষের আওতায় এসেছে। এই প্রকল্পে ২৭৫ জন সজী চাষী উপকৃত হয়েছেন। এরজন্য প্রতি হেক্টরে ব্যয় হয়েছে ২৫ হাজার টাকা। জেলা উদ্যান ও মৃত্তিকা সংরক্ষণ কার্যালয়ের উপ-অধিকর্তা কাশীনাথ দাস এই তথ্য জানিয়েছেন।
